

## উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভার স্থান : উপজেলা কৃষি অফিসার, যশোর সদর, যশোর মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ২৬/০৬/২০২২।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভাপতিঃ মোঃ আনোয়ার হোসেন বিপুল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।

উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবীঃ

- ১) শেখ সাজ্জাদ হোসেন, উপজেলা কৃষি অফিসার, যশোর সদর, যশোর।
- ২) জনাব এহসানুর রহমান (লিটু), চেয়ারম্যান, ৫নং উপশহর ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।
- ৩) জনাব এস এম আফজাল হোসেন, চেয়ারম্যান, ৩নং ইছালা ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।
- ৪) জনাব মোছাঃ নাজনিন নাহার, চেয়ারম্যান, ১১নং রামনগর ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।

আলোচ্যসূচীঃ-

- ১। কৃষি ও সেচ বিষয়ক আলোচনা।
- ২। বিবিধ।

সভার জানান যে অত্র উপজেলায় মোট প্রায় ৩৩২৩০হেক্টর আবাদযোগ্য জমি ও ৮৮০০০জন কৃষক রহিয়াছে। এই উপজেলা মোট প্রায় ২৫-৩০ ধরনের বিভিন্ন প্রকার ফসলের চাষাবাদ হয়। যশোর সদর উপজেলা কৃষির জন্য গুরুত্বপূর্ণ একটি জায়গা। যশোর সদর উপজেলা থেকে প্রতিদিন দেশের বিভিন্ন এলাকায় নিরমিত সবজিসহ বিভিন্ন কৃষি পণ্য বিপণন হয়ে থাকে। এছাড়া যশোর সদর উপজেলা থেকে বিগত চার বছর ধরে সবজি এশিয়া, ইউরোপসহ মধ্যপ্রাচ্যেও দেশে রপ্তানী হচ্ছে। তিনি আরও জানান যে, যশোর সদর উপজেলা একটি আদর্শ উপজেলা যেখানে নিরাপদ সবজি উৎপাদন হচ্ছে। এ কার্যক্রম আরও বেগবান করার প্রয়োজন কারণ বর্তমান সরকারের নির্বাচনী অধীকারের মধ্যে নিরাপদ খাদ্য উৎপাদন ও বিপণন অন্যতম ছিল। তিনি অন্যান্য সদস্যপনকে তাদের বক্তব্য দেয়ার জন্য অনুরোধ করেন।

জনাব এস এম আফজাল হোসেন, চেয়ারম্যান ৩নং ইছালা ইউনিয়ন পরিষদ, জানান যে, তার ইছালা ইউনিয়নের নোঙ্গরপুর এলাকায় ব্যাপক সবজি চাষ হয়, বিভিন্ন প্রকার জৈবিক বালাইনাশক ও ফেরোমন ফাঁদ ব্যবহার করে। কিন্তু সকল কৃষক এসকল জিনিস ব্যবহার করে না। সকল কৃষক যেন ব্যবহার করে তার জন্য কার্যক্রম গ্রহণের প্রস্তাব করেন। এছাড়া সেচযন্ত্র ও কৃষি ব্যবস্থার লাইসেন্স যেন সহজে পাওয়া যায় তারও প্রস্তাব করেন।

সুপারিশসমূহঃ

- ১। নিরাপদ ফসলের উৎপাদন এলাকা বৃদ্ধি, কৃষক প্রশিক্ষণ ও উৎসাহকরণ বিষয়ে উপজেলা পরিষদ কর্তৃক প্রকল্পের মাধ্যমে কার্যক্রমের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। মাটির স্বাস্থ্য রক্ষার কার্যক্রমের জন্য কৃষি বিভাগ ও উপজেলা পরিষদের কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়।
- ৩। সেচ নালা প্রস্তুত ও নদীর পানির ব্যবহারের জন্য কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।
- ৪। সহজে সকল কৃষক যেন সেচের লাইসেন্স পেতে পারে তার জন্য সুপারিশ করা।



স্বাক্ষর/ (মোঃ আনোয়ার হোসেন বিপুল)  
ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি  
যশোর সদর, যশোর।

স্মারক নং- ৮৩২(৬)

তারিখঃ ২৬/০৬/২০২২ খ্রি.

অনুলিপি সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ৩। চেয়ারম্যান, উপশহর/ ইছালা/ রামনগর, ইউনিয়ন পরিষদ, যশোর সদর, যশোর।
- ৪। অফিস নথি।







(শেখ সাজ্জাদ হোসেন)  
উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি  
যশোর সদর, যশোর।

উপজেলা পরিষদ  
যশোর সদর, যশোর ।  
কৃষি ও সেচ স্থায়ী কমিটির রেজুলেশনের হাজিরা শিট  
তারিখ-২৬/০৬/২০২২ খ্রি.

ক্র.নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১	জ্যোসনা আরা বেগম উপজেলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব এহসানুর রহমান লিটু চেয়ারম্যান, ৫ নং উপশহর ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর	সদস্য	
০৩	মোছা: ফেরদৌসী ইয়াসমিন চেয়ারম্যান, ৩নং ইছালী ইউনিয়ন পরিষদ, যশোর সদর, যশোর	সদস্য	
০৪	জনাব মাহমুদ হাসান লাইফ চেয়ারম্যান, ১১ নং রামনগর ইউনিয়ন পরিষদ, যশোর সদর, যশোর	সদস্য	
০৫	শেখ সাজ্জাদ হোসেন উপজেলা কৃষি অফিসর, যশোর সদর, যশোর	সদস্য সচিব	